DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 13 Sep 2026, 02:26 PM

খেলা

# মেসি- নাকি এমবাপ্পে-হালান্ড,? গোল্ডেন বুটের শীর্ষে এখন কে?

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি: সংগৃহীত

বিশ্বকাপে মাঠের লড়াই যত জমজমাট হচ্ছে, খেলোয়াড়দের গোল্ডেন বুট জয়ের দৌড়ও ততটাই রোমাঞ্চকর হয়ে উঠছে। ফরাসি তারকা কিলিয়ান এমবাপ্পে এবং নরওয়ের গোলমেশিন আর্লিং হালান্ড সাময়িকভাবে শীর্ষে ভাগ বসালেও, মিশর ম্যাচে নাটকীয় গোলের পর আবারও এককভাবে গোল্ডেন বুটের রেসে সবার ওপরে চলে গেছেন লিওনেল মেসি।

আর্জেন্টিনা বনাম মিশরের মধ্যকার শেষ ১৬-এর রোমাঞ্চকর ম্যাচে ২-০ ব্যবধানে পিছিয়ে পড়া আলবিসেলেস্তেদের হয়ে সমতাসূচক গোলটি করেন লিওনেল মেসি।

এর মাধ্যমে ইন্টার মায়ামির এই ফরোয়ার্ড চলতি বিশ্বকাপের প্রতিটি ম্যাচেই গোল করার অনন্য কীর্তি গড়লেন। একই সঙ্গে বিশ্বকাপে টানা ৯টি ম্যাচে গোল করার এক অবিশ্বাস্য রেকর্ডও নিজের করে নিলেন তিনি।

বর্তমানে ৮ গোল নিয়ে তিনি গোল্ডেন বুটের তালিকায় এককভাবে এক নম্বরে রয়েছেন। ১৯৫৮ সালের বিশ্বকাপে জা্তে ফন্তেইনের এক টুর্নামেন্টে সর্বোচ্চ ১৩ গোলের রেকর্ড স্পর্শ করতে মেসির প্রয়োজন আর মাত্র ৫টি গোল।

সমান ৭ গোল নিয়ে যৌথ দ্বিতীয় স্থানে এমবাপ্পে ও হালান্ড

প্যারাগুয়ের বিপক্ষে ফ্রান্সের ১-০ ব্যবধানের কঠিন জয়ে একমাত্র জয়সূচক গোলটি আসে কিলিয়ান এমবাপ্পের পা থেকে। রিয়াল মাদ্রিদের এই স্ট্রাইকার ৫ ম্যাচে ৭ গোল নিয়ে মেসির সমান পজিশনে চলে এসেছিলেন। এই গোলের মাধ্যমে বিশ্বকাপে এমবাপ্পের মোট গোল সংখ্যা দাঁড়িয়েছে ১৯-এ।

ফলে এমবাপ্পে ও হালান্ড যৌথভাবে তালিকার দ্বিতীয় স্থানে রয়েছেন।

পেনাল্টি রেকর্ডে হ্যারি কেইনের ধাওয়া

মেক্সিকোর বিপক্ষে ১০ জনের ইংল্যান্ডের ৩-২ ব্যবধানের রোমাঞ্চকর জয়ে পেনাল্টি থেকে গোল করেন হ্যারি কেইন। বায়ার্ন মিউনিখের এই তারকা স্ট্রাইকার বর্তমানে ৬ গোল নিয়ে গোল্ডেন বুটের লড়াইয়ে ৪ নম্বরে অবস্থান করছেন। এই গোলের মাধ্যমে কেইন বিশ্বকাপে পেনাল্টি শুটআউট ছাড়াই সবচেয়ে বেশি (৬টি) সফল পেনাল্টি কিকের নতুন রেকর্ড গড়লেন।

---


এ বিভাগের আরও খবর




নারী এশিয়া কাপে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারাল বাংলাদেশ
নারী এশিয়া কাপে দারুণ জয় দিয়ে অভিযান শুরু করেছে বাংলাদেশ। নিগার সুলতানা জ্যোতির দল প্রথম ম্যাচে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারিয়েছে। আগে ব্য...



জানুয়ারিতে বাংলাদেশে আসতে পারে ভারত
ভারতের বাংলাদেশ সফর নিয়ে অনিশ্চয়তার কালো মেঘ যেন কাটার নামই নিচ্ছে না। সব কিছু ঠিক থাকলে আগামী সেপ্টেম্বরেই ঢাকায় পা রাখার কথা ছিল রোহিত-কোহ...



### টেস্ট র‍্যাঙ্কিংয়ে ছয়ে উঠল বাংলাদেশ

অস্ট্রেলিয়ায় দু'দিনের টেস্টের তিক্ততার মাঝেও আইসিসি থেকে এলো বড় সুখবর। টেস্ট ইতিহাসে নিজেদের সেরা র‍্যাঙ্কিংয়ে উঠে এসেছে বাংলাদেশ জাতীয়...




### তিন ইনিংসে তিন ডাক লিটনের

অস্ট্রেলিয়া সফরে ব্যাটে-বলে বাংলাদেশ লড়াইয়ের চেষ্টা চালালেও চরম ব্যর্থতার মধ্য দিয়ে সময় পার করছেন লিটন দাস। দুই টেস্টের তিন ইনিংসে ব্যাটিংয়ে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/sports/mesi-naki-embappe-haland-golden-buter-shirshe-ekhn-ke